



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোনঃ ০৮১-৭০০৪৫, ফ্যাক্স : ০৮১-৭০০৩৫, ই-মেইলঃ registrarcou@gmail.com, ওয়েবসাইটঃ cou.ac.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটির গত ৩১/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভার স্থান : কনফারেন্স কক্ষ (প্রশাসনিক ভবন), কু. বি.
সভার তারিখ : ৩১/১০/২০২২ খ্রি.
সময় : দুপুর ১২:০০ টা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স কক্ষে (প্রশাসনিক ভবন) গত ৩১/১০/২০২২ খ্রি. তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | |
|----|--|----------------------|
| ১। | ডিন, প্রকৌশল অনুষদ, কু. বি. | আহ্বায়ক |
| ২। | বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, কু. বি. | সদস্য |
| ৩। | বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, কু. বি. | সদস্য |
| ৪। | জনাব এন এম রবিউল আউয়াল চৌধুরী, সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, কু. বি. | সদস্য |
| ৫। | জনাব এস. এম. শহিদুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কু. বি. | সদস্য |
| ৬। | জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, কু. বি. | বিকল্প ফোকাল পয়েন্ট |
| ৭। | জনাব এ. এম. সাইদুর রশীদ, প্রোগ্রামার, আইসিটি সেল, কু. বি. | ফোকাল পয়েন্ট |

সভার আহ্বায়ক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচি ১: একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশনের প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

বিশ্ববিদ্যালয়ের সেবা প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে কমিটি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, ছাত্রছাত্রী ও কর্মকর্তার নিকট হতে উদ্ভাবনী /সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশনের ধারণা আহ্বান করার সুপারিশ করেন।

আলোচ্যসূচি ২: ই-নথি ব্যবহার প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

বর্তমানে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ই-নথি কার্যক্রম এখনো চালু না হবার প্রেক্ষিতে কমিটি ই-নথি বাস্তবায়নের লক্ষ্যে আরেকটি কমিটি গঠন করার সুপারিশ করেন। উক্ত কমিটি ই-নথি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করবে।

আলোচ্যসূচি ৩: তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

কমিটি আইসিটি সেলের মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করনের বিষয়টি তদারকি করার ব্যাপারে সুপারিশ করেন।

আলোচ্যসূচি ৪: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করনীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :


আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে কমিটি বিশ্ববিদ্যালয়ের IQAC এর মাধ্যমে ২টি কর্মশালা আয়োজনের জন্য সুপারিশ করেন। এমতবস্থায় কমিটি IQAC কে চিঠি প্রদানের মাধ্যমে বিষয়টি অবগতকরনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেন।

প্রোগ্রামসূচি ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটি আগামী সভায় IQAC এর পরিচালক এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের APA এর ফোকাল পয়েন্টকে আমন্ত্রণ জানানোর সুপারিশ করেন এবং পরবর্তীতে IQAC এর মাধ্যমে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে কমিটি সর্বসম্মত ভাবে সুপারিশ প্রদান করেন।

সভায় আর কোনো বিষয়ে আলোচনা না থাকায় আহ্বায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(এ. এম. এম. সাইদুর রশীদ)

প্রোগ্রামার, আইসিটি সেল

ও

ফোকাল পয়েন্ট

ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি।



(ড. মোঃ সাইফুর রহমান)

ডিন, প্রকৌশল অনুষদ

ও

আহ্বায়ক

ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি।